

এই রক্তিম সকালেও

কাইটম পারভেজ

কত কথাই তো বলা হয়ে গেছে
হয়নি কেবল বলা
তিনি একজন মানুষ
অতি সাধারণ থেকে অসাধারণ।
তিনি একজনই অসাধারণ
সাধারণ্যে বারংবার ফিরে গেছেন যিনি।
অতি সাধারণ বেশে।

তিনি কথা বলতেন
শিশুর সাথে
পাখির সাথে – নদীর সাথে
সবুজ মাঠের সাথে
জোনাকীর সাথে অমাবশ্যার রাতে
অতি সাধারণ বেশে সদা মুচকি হেসে।
সদা মুচকি হেসে।

কত কথাই তো বলা হয়ে গেছে
হয়নি কেবল বলা
তিনি একজন কবি ছিলেন
শ্রেষ্ঠ কবিতা তাঁর –
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম
তিনি একজন কর্তৃশিল্পী ছিলেন
শ্রেষ্ঠ গান তাঁর –
আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি
তিনি একজন প্রাবন্ধিক ছিলেন
শ্রেষ্ঠ প্রবন্ধ তাঁর –
বাঙালির মুক্তির সন্দ ছয় দফা
তিনি একজন চিত্রকর ছিলেন
শ্রেষ্ঠ চিত্র তাঁর –
বাংলাদেশ মানচিত্র
সাড়ে সাত কোটি ডটপ্রিন্ট-এ আঁকা।

কত ছবিইতো আঁকা হয়ে গেলো
হয়নি কেবল আঁকা
এক বটবৃক্ষ – যার ছায়ায়
পনেরো কোটি শাপলা শালুক জেগে ওঠে প্রতিদিন।
আজও – এই রক্তিম সকালেও।

